| | | | | |
|---|---|---|---|---|
| ৩৮. | চান্দ্রা বাজার | চান্দ্রা | ৬১,২৪৪/- | ৫০০/- |
| ৩৯. | পুলিয়া হাট | চান্দ্রা | ৬,৭৪,০৪২/- | ২,০০০/- |
| ৪০. | কালামৃধা হাট | কালামৃধা | ৭১,০৫৫/- | ৫০০/- |
| ৪১. | দেওড়া হাট | কালামৃধা | ৬৭,৭৮০/- | ৫০০/- |
| ৪২. | রায়নগর মোড় বাজার | কালামৃধা | ২০,৫২৯/- | ৫০০/- |

দরপত্রের তফসিল

| আহবানের পর্যায় | সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম বার | ২২-০২-২০২১; বিকাল ৫.০০ টা | ২৩-০২-২০২১; বেলা ১২.৩০.টা | বিকাল ৪.০০ টা |
| ২য় বার | ১১-০৩-২০২১; বিকাল ৫.০০ টা | ১৪-০৩-২০২১; বেলা ১২.৩০ টা | বিকাল ৪.০০ টা |
| ৩য় বার | ৩০-০৩-২০২১; বিকাল ৫.০০ টা | ৩১-০৩-২০২১; বেলা ১২.৩০ টা | বিকাল ৪.০০ টা |

শর্তাবলী:

১. দরপত্র দাতাকে দরপত্রের সঙ্গে হাট-বাজার ইজারার জন্য প্রদত্ত দরের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মারফত দরের জামানত হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর বরাবর জমা প্রদান করতে হবে। দরপত্র অনুমোদিত হলে ঐ জামানতের ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ ইজারার জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারাদার নিজ খরচে নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা তাঁর দ্বারা হাট-বাজারের কোন ক্ষতি সাধিত হলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর শেষে অব্যবহৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

২. দরপত্রসমূহের সিডিউল জেলা প্রশাসক, ফরিদপুর; উপজেলা নির্বাহী অফিসার, ভাঙ্গা, ফরিদপুর; সহকারী কমিশনার (ভূমি), ভাঙ্গা, ফরিদপুর; অফিসার ইন-চার্জ, ভাঙ্গা থানা, ভাঙ্গা, ফদিরপুর এবং সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা শাখা, ভাঙ্গা, ফরিদপুর কার্যালয় হতে উপর্যুক্ত তফসিল অনুযায়ী দরপত্র মূল্যে (অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময় পর্যন্ত ক্রয় করা যাবে। জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর ও পুলিশ সুপারের কার্যালয়, ফরিদপুর এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গা, ফদিরপুর ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ভাঙ্গা, ফরিদপুর এ তফসিল অনুযায়ী রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করা যাবে। দরপত্র গ্রহণের দিন বিকাল ৪.০০ টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গা, ফরিদপুর দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রস্তুতকৃত তুলনামূলক বিবরণীর উপর দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ/মতামতের বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাঙ্গা, ফরিদপুর কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের পর সংশ্লিষ্ট হাট-বাজার ইজারা বন্দোবস্ত দেওয়ার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ১ম বার দাখিলকৃত দরপত্রে উদ্ধৃত দর সরকারি ধার্য্যকৃত মূল্যের চেয়ে কম হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। কাঙ্খিত সরকারি ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম ঘোষিত তফসিল মোতাবেক অব্যাহত থাকবে।

৩. অনুমোদিত দরদাতাকে অনুমোদিত ইজারা মূল্যের উপর অতিরিক্ত ৫% অর্থ আয়কর বাবদ সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা, শাখায় ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং ১-১১৪১-০০১০-০১১১ তে এবং ১৫% অর্থ ভ্যাট বাবদ সোনালী ব্যাংক লিমিটেড, ভাঙ্গা শাখায় কোড নং ১-১১৩৩-০০০৫-০৩১১ তে ট্রেজারি চালানের মাধ্যমে ইজারা প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জমাপূর্বক চালানের মূল কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে এবং অবশিষ্ট ৭৫% অর্থ ইজারার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লিখিত আয়কর এবং ভ্যাট ব্যতিরেকে সরকার কর্তৃক অন্য কোন করা ধার্য করা হলে তা ইজারাদারদের উপর তাৎক্ষনিকভাবে কার্যকর হবে এবং তা ইজারাদারকে পরিশোধ করতে হবে।

৪. বিস্তারিত শর্তাবলী দরপত্রে উল্লেখ থাকবে।

০৭.০২.২০২১

(মুহাম্মদ আল-আমিন)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ভাঙ্গা, ফরিদপুর
ফোন: ০৬৩২৩-৫৬১২৪

পত্র সংখ্যা: ০৫.১২.২৯১০.০০১.০০.০০১.২১.১২৩ ০৭/০২/২০২১ তারিখ: ০৭-০২-২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় সংসদ সদস্য, ২১৪ ফরিদপুর ০৪, বাংলাদেশ জাতীয় সংসদ।
২. জেলা প্রশাসক, ফদিরপুর।
৩. পুলিশ সুপার, ফরিদপুর। দরপত্র দাখিলের ধার্য্য তারিখে তাঁর কার্যালয়ে দরপত্র বাক্স স্থাপন এবং ক্ষমতাপ্রদত্ত প্রতিনিধির নিকট প্রাপ্ত দরপত্র প্রেরণ করার অনুরোধসহ।